

SUNDARBAN MAHA VIDYALAYA



(NAAC Accredited)

Estd.-1965

Kakdwip ✪ South 24 Parganas ✪ West Bengal

PIN - 743347

Website: www.sundarbanmahavidyalaya.in

E-mail: sundaram1965@gmail.com

Ref. No.:

Date: 25.09.2021

এতদ্বারা সুন্দরবন মহাবিদ্যালয়ে পাঠরত সকল ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে যে অবিলম্বে কলেজ-বিশ্ববিদ্যালয়ের ক্লাসরুম খোলার লক্ষ্যে রাজ্য সরকার উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট প্রত্যেককে কোভিড প্রতিরোধী ভ্যাকসিন দেওয়ার মহতী উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগ সাফল্যমণ্ডিত করতে আগামী অক্টোবরের ৪ ও ৫ তারিখে অর্থাৎ মহালয়ার আগের দুদিন কলেজে ভ্যাকসিনেশন ক্যাম্প আয়োজিত হবে।

উপরিউক্ত ক্যাম্প অংশ নেওয়ার জন্য আগামী ২৭ শে সেপ্টেম্বরের মধ্যে অর্থাৎ আগামী দুদিনের মধ্যে সদ্য ভর্তি হওয়া প্রথম সেমিস্টারের ছাত্রছাত্রীসহ তৃতীয় ও পঞ্চম সেমিস্টারে পাঠরত প্রত্যেককে গুগল ফর্ম মারফৎ প্রয়োজনীয় তথ্য জমা দেওয়ার জরুরী নির্দেশ দেওয়া হচ্ছে। এই তথ্যের উপর ভিত্তি করেই রাজ্য সরকার ভ্যাকসিন দেওয়ার পরিকল্পনা বাস্তবায়িত করবে। এবং ভবিষ্যতে ভ্যাকসিন নেওয়ার সার্টিফিকেট না থাকলে কোনও ছাত্র বা ছাত্রীই কলেজ ক্যাম্পাসে ঢোকার অনুমতি পাবে না।

সুতরাং অত্যন্ত প্রয়োজনীয় এই গুগল ফর্মটি পূরণ করে রাজ্য সরকারের তরফে নেওয়া এই প্রচেষ্টায় সামিল হতে সকল ছাত্রছাত্রীকে আহ্বান জানানো হচ্ছে।

ড. সুনির্মল দাস

নোডাল অফিসার

ড. শুভঙ্কর চক্রবর্তী

প্রিন্সিপাল

বি. দ্র.: গুগল ফর্মটির শেষ তিনটি অপশন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ওই তিনটি পয়েন্টে যথাক্রমে নিম্নলিখিত তিনটি বিষয় জানতে চাওয়া হয়েছে –

কোন ডোজটি নিতে হবে? ফার্স্ট না সেকেন্ড?

যদি ফার্স্ট ডোজ নেওয়া থাকে তাহলে তা কোন তারিখে নিয়েছিলে? ফার্স্ট ডোজ না নিয়ে থাকলে NA লিখবে।

ফার্স্ট ডোজ নেওয়া থাকলে সেকেন্ড ডোজে কোন ভ্যাকসিনটি নিতে হবে? কারণ ভ্যাকসিনের দুটো ডোজেই একই ভ্যাকসিন নিতে হয়।

এরপরেও কোনও জিজ্ঞাসা থাকলে নোডাল অফিসারের এই ৯৩৩০২৮৩৪১৫ নম্বরে ফোন করা যাবে।